দৈনিক খবর

তারিখ ...12 NOV 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

২৪

# ভাই আপনারা মধুর কেন্টিনে আসবেন না

★

## কর্মীদের মাথা গরম

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ (আ–অ) কেন্দ্রীয় নেতা অহিদুজ্জামান চানকে অস্ত্রের মুখে মধুর কেন্টিন থেকে বের করে দেয়া হয়েছে।

বেলা সাড়ে এগারোটার দিকে

২ এর পাতায় দেখুন

## কর্মীদের মাথা গরম

প্রথম পৃষ্ঠার পর

অহিদুজ্জামান চান মধুর কেন্টিনে আসলে ছাত্রদলের সশস্ত্র যুবকরা তাকে অস্ত্রের ভয় দেখিয়ে মধুর কেন্টিন ত্যাগের নির্দেশ দেয়।

এ সময়ে ছাত্রদলের বিশ্ববিদ্যালয় কমিটির সভাপতি হাবিবুন্নবী সোহেল এসে জনাব চানকে চলে যাবার জন্য অনুরোধ জানিয়ে বলেন, 'ভাই আপনারা এখানে আসবেন না, আপনি চলে যান, কর্মীদের মাথা গরম। পরে অহিদুজ্জামান চান মধুর কেন্টিন ত্যাগ করেন।

গত ৩১শে অক্টোবর আওয়ামী লীগ নেত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের কর্মকান্ড স্থগিত ঘোষণা করার পর ক্যাম্পাসে ছাত্রলীগ কর্মীদের উপস্থিতি কমে যায় এবং কোন কার্যক্রম এ যাবৎ পরিচালিত হয়নি।

গতকালই, ছাত্রলীগ নেতা অহিদুজ্জামান চান গত ২৭শে অক্টোবরের পর প্রথম মধুর কেন্টিনে আসেন। এদিকে ছাত্রলীগ কর্মীরা ক্যাম্পাসে প্রচন্ড নিরাপত্তাহীনতায় ভুগছে।